গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

স্ট্র্যাটেজিক কমিটির ৩০ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব জামাল উদ্দীন আহমেদ মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা।
সভার তারিখ ও সময়	:	৩০ ডিসেম্বর, ২০১৯, সময়: ০৩:০০ ঘটিকা।
সভার স্থান	:	প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

০২। অত:পর পরিচালক (প্রশাসন) সভায় গত ৩০ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত স্ট্র্যাটেজিক কমিটির সভার সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনান। স্ট্র্যাটেজিক কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে অত:পর বিস্তারিত আলোচনা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্র : নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মী বাহিনীকে মাদকের বিষয়ে সচেতন করতে হবে এবং কেউ মাদকাসক্ত হয়ে থাকলে সু-চিকিৎসার ব্যবস্থা করতে হবে;	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা)
২	নিয়োগ বিজ্ঞপ্তিতে ওবিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে ডোপ টেস্ট করার বিষয়টি নিশ্চিত করতে হবে। বিষয়টি তথ্য মন্ত্রণালয়ে এর মাধ্যমে বিভিন্ন ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচার করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা)
৩	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ দ্রুত সংশোধনের ব্যবস্থা নিতে হবে এবং মাদক অপরাধ বিচারের জন্য পৃথক আদালত স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪	মাদকবিরোধী কমিটির কার্যক্রম অব্যাহত থাকবে এবং সকালের এসেম্বলিতে মাদকবিরোধী শপথ বাক্য পাঠ নিশ্চিত করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা/অপারেশন্স)
৫	(ক)মাদকবিরোধী প্রচারে বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনকে আরো নিবিড়ভাবে সম্পৃক্ত করতে হবে। মাদক বিরোধী প্রচার কার্যক্রমকে জোরদারকরণে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে আরও কার্যকরভাবে সম্পৃক্ত করতে হবে। তাছাড়া মাদক পাচারের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণার্থে ভ্রাম্যমাণ আদালতে এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (খ) তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি টিভি-রেডিও তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্মিত টিভিসি গুলো কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটিস (সিএসআর) এর আওতায় ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা/অপারেশন্স)
৬	(ক) মাদকের বিরুদ্ধে সকল বাহিনীর স্ব স্ব অভিযানের পাশাপাশি সমন্বিত অভিযান অব্যাহত রাখতে হবে। (খ) মাদকবিরোধী এনফোর্সমেন্ট কমিটি, কোর কমিটি ও টাস্কফোর্স এর কার্যক্রম বৃদ্ধি করতে হবে। কমিটি গুলোতে যথাযথ প্রতিনিধি প্রেরন নিশ্চিত করতে হবে।	পরিচালক (অপারেশন্স)
৭	(ক) মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স বাস্তবায়নে আধুনিক প্রযুক্তি নির্ভর কর্মীবাহিনী গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ও লজিস্টিক সুবিধাদি বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতেহবে। (খ) মাদক অপরাধ ও এর সাথে সম্পৃক্ত অপরাধ বিশ্লষনে অধিদপ্তরে পূর্ণাঙ্গ আইটি ও ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন)

ক্র : নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮	ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদকবিরোধী কার্যক্রম আরও জোরদারের লক্ষ্যে আরও ০২ (দুই) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অধিদপ্তরে সংযুক্ত করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৯	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো যথাযথভাবে মনিটরিং করতে হবে। পাশাপাশি এসব নিরাময় কেন্দ্রে সরকারি অনুদান প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
১০	(ক) পররাষ্ট্র মন্ত্রণালয়কে মাদক অপরাধদমনে পার্শ্ববর্তী দেশসমূহের সাথে কূটনৈতিক তৎপরতা বৃদ্ধি করতে হবে। (খ) মাদক অপরাধদমনে বাংলাদেশ-ভারত-মিয়ানমার এর মধ্যে ত্রি-পক্ষীয় সভা করা যেতে পারে। পাশাপাশি ভারত ও মিয়ানমারের সাথে দ্বি-পাক্ষিক বৈঠক অব্যাহত রাখতে হবে।	পরিচালক (অপারেশন্স)
১১	প্রণীত অ্যাকশন প্লান এর কর্মসূচিগুলো যথাসময়ে যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	পরিচালক (সকল)
১২	প্রণীত অ্যাকশন প্লান অনুযায়ী মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য সারাদেশে ১ মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে বলার কর্মসূচি এর পরিবর্তে মাদকের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে একই সময়ে ১ মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে '' মাদকের বিরুদ্ধে না'' বলার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক

নং-৫৮.০২.০০০০.০০৬.০৬.০৪৬.১৭-৬০৭৪

তারিখ : ১৫ পৌষ, ১৪২৬ / ৩০ ডিসেম্বর, ২০১৯

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপা:/ নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
৫. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,/ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দাশাখা
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল)--।
৮. আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
মোবাইল: +৮৮০১৪০৪০৭২০১৯
ই-মেইল: adadmin@dnc.gov.bd